রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জানুয়ারি ৯, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/০১ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-০১-আইন/২০২০।**—বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর ধারা ১৪৬, ধারা ৬২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারণী বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) **"তপশিল"** অর্থ এই বিধিমালার তপশিল;

(গ) **"প্রিমিয়াম"** অর্থ লাইফ বীমাকারীর বীমা চুক্তির অধীনে বীমা গ্রহীতা কর্তৃক সাধারণত এককালীন বা সময়ভিত্তিক কিস্তিতে যে পরিমাণ অর্থ বীমাকারীকে প্রদান করা হয়; এবং

(ঘ) **"ব্যবস্থাপনা ব্যয়"** অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ৬২ এর উপ-ধারা (২) এ বর্ণিত ব্যবস্থাপনা ব্যয়।



**মূল্য :** টাকা ৪.০০

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থ বুঝাইবে।

৩। **লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা**।—কোনো বীমাকারীর তদকর্তৃক বাংলাদেশে লেনদেনকৃত লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় কোনো পঞ্জিকা বৎসরে ব্যবসায় সংগ্রহের কমিশন খরচ ও পারিশ্রমিকসহ ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা হইবে তপশিলে বর্ণিত বিভিন্ন পলিসির প্রিমিয়ামের উপর নিরূপিত পরিমাণের সমষ্টি :

তবে শর্ত থাকে যে, তপশিলের ক্রমিক নং ৪ এ উল্লিখিত পলিসিসমূহের মধ্যে যে পলিসির মেয়াদকাল অনধিক ১১ (এগার) বৎসর সেই পলিসির ক্ষেত্রে প্রথম বৎসর প্রিমিয়ামের উপর নিরূপিত ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা পলিসির মেয়াদকালের সাড়ে সাত গুণ হইবে।

**ব্যাখ্যা**।—লাইফ বীমাকারীর ব্যবসার সময়কাল হিসাবের ক্ষেত্রে, ব্যবসায় যদি বৎসরের প্রথমার্ধে আরম্ভ করা হয়, তাহা হইলে সংশ্লিষ্ট বৎসরের প্রথম হইতে এবং যদি বৎসরের দ্বিতীয়ার্ধে আরম্ভ করা হয়, তাহা হইলে পরবর্তী বৎসরের প্রথম হইতে গণনা করিতে হইবে।

**তপশিল**

[বিধি ২(খ) ও ৩ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পলিসির ধরন | ব্যয় নিরূপণের ভিত্তি | পরিমাণ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | (ক) অ্যানুয়িটি পলিসিঃ | | |
| | (অ) একক প্রিমিয়াম পদ্ধতিতে প্রিমিয়াম আদায় করা হইলে- | প্রথম বৎসরে আদায়কৃত প্রিমিয়ামের | ৫.০০% |
| | (আ) কিস্তিতে প্রিমিয়াম আদায় করা হইলে- | (১) প্রথম বৎসরে আদায়কৃত প্রিমিয়ামের | ১০.০০% |
| | | (২) নবায়ন প্রিমিয়ামের | ৫.০০% |
| | (ই) উপ-দফা (অ) ও (আ) উভয় ক্ষেত্রেই | সংশ্লিষ্ট বৎসরে পরিশোধিত মোট অ্যানুয়িটির | ১.০০% |
| | (খ) একক প্রিমিয়াম পলিসির ক্ষেত্রে | আদায়কৃত প্রিমিয়ামের | ৫.০০% |
| ২। | পেইড আপ পলিসি (Paid up policy) | মোট বীমা অংকের বাৎসরিক গড়ের (পুনঃবীমা বাদে) | ০.০৫% |
| ৩। | গোষ্ঠী বীমা পলিসি | বৎসরে পরিশোধিত প্রিমিয়ামের | ১৫.০০% |

<table>
<tr><td rowspan="12">৪।</td><td>দফা (১), (২) ও (৩) ব্যতীত অন্যান্য সকল পলিসির ক্ষেত্রে লাইফ বীমাকারীর ব্যবসার সময়কাল বা বয়স-</td><td colspan="4"></td><td></td></tr>
<tr><td rowspan="2">(ক) ১-৫ বৎসর</td><td colspan="4">(অ) প্রথম বৎসর প্রিমিয়ামের</td><td>৯৫%</td></tr>
<tr><td colspan="4">(আ) নবায়ন প্রিমিয়ামের</td><td>২৫%</td></tr>
<tr><td rowspan="2">(খ) ৬-১০ বৎসর</td><td colspan="4">(অ) প্রথম বৎসর প্রিমিয়ামের</td><td>৯৪%</td></tr>
<tr><td colspan="4">(আ) নবায়ন প্রিমিয়ামের</td><td>২২%</td></tr>
<tr><td rowspan="7">(গ) ১০ বৎসর বা তদূর্ধ্ব</td><td colspan="4">(ক) প্রথম বৎসর মোট প্রিমিয়ামের পরিমাণ-</td><td></td></tr>
<tr><td colspan="4">(অ) ১০০ কোটি টাকা বা উহার কম হইলে</td><td>৯৩%</td></tr>
<tr><td colspan="4">(আ) ১০০ কোটি টাকার বেশি কিন্তু অনূর্ধ্ব ৫০০ কোটি টাকা হইলে</td><td>৯২%</td></tr>
<tr><td colspan="4">(ই) ৫০০ কোটি টাকার বেশি হইলে</td><td>৯১%</td></tr>
<tr><td colspan="4">(খ) নবায়ন প্রিমিয়ামের</td><td></td></tr>
<tr><td>২০১৯ সাল</td><td>২০২০ সাল</td><td>২০২১ সাল</td><td>২০২২ সাল</td><td>২০২৩ সাল এবং পরবর্তী সময়ে</td></tr>
<tr><td>২০.০০%</td><td>১৯.০০%</td><td>১৮.০০%</td><td>১৬.০০%</td><td>১৫.০০%</td></tr>
</table>

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ইফতেখার হোসেন**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd